দৈনিক ইনকিলাব

24 AUG 1991

তারিখ ~~18 AUG 1991~~ ... পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

169

# ক্যাম্পাসে ঝটিকা মিছিল ।। ২টি গাড়ীতে আগুন ।। আটক ২৩

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় হঠাৎ একটি ঝটিকা মিছিল বের হয়ে ২টি গাড়ীতে অগ্নিসংযোগ ও একটি গাড়ী ভাঙচুর করে চলে যায়। ঝটিকা মিছিলের ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় ১৫ মিনিটের জন্য নৈরাজ্যজনক অবস্থার সৃষ্টি হয়। মিছিলকারীদের কোন পরিচয় পাওয়া যায়নি। ঘটনার ব্যাপারে পুলিশ ২৩ জনকে আটক করেছে। বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে। তার উপর গতকাল শুক্রবার বন্ধের দিন ছিল। এসব দিনে সাধারণত বিশ্ববিদ্যালয় এলাকায় মিছিল বের হয় না।

গতকাল পৌনে ১১টায় বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুলের সামনে মিছিলকারীরা

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

**ক্যাম্পাস** প্রথম পৃষ্ঠার পর

একটি প্রাইভেট কার (ঢাকা-ঘ-৩৩) ভাঙচুর করে। এর ৫ মিনিট পর পলাশী ক্রসিং-এ একটি প্রাইভেট কার (ঢাকা মেট্রো-ভ-৮২৭৫) এবং একটি মিনিবাস (ফরিদপুর-ব-৩১০) ভাঙচুর করে তাতে আগুন ধরিয়ে দেয়। পুলিশী ধাওয়া খেয়ে মিছিলকারীরা ছত্রভঙ্গ হয়ে পড়ে। পুলিশ মিছিলকারীদের পরিচয় জানতে পারেনি। পুলিশ জানায়, আগুন দেয়ার সাথে সাথে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর সদর দফতরে টেলিফোন করলে আগুন নেভানোর গাড়ী ঘটনাস্থলে পৌছেনি। পলাশী সাব স্টেশনের গাড়ী নিয়ে দমকল কর্মীরা আগুন নেভাতে যায়নি। ঘটনাস্থলে পুলিশ রয়েছে জানানোর পর সকাল সোয়া ১১টায় দমকল কর্মীরা পৌছলেও ততক্ষণে গাড়ী দু'টি পুড়ে যায়।

উল্লেখ্য, আগামী সোমবার পর্যন্ত পুলিশ কন্ট্রোলরুমে দমকল কর্মীসহ গাড়ী রাখার জন্য ফায়ার সার্ভিস কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করা হলেও কন্ট্রোলরুমে অগ্নি নির্বাপক গাড়ী রাখা হয়নি। গতকাল দুপুর থেকে একটি অগ্নি নির্বাপক গাড়ী কন্ট্রোলরুমে প্রস্তুত রাখা হয়েছে বলে পুলিশ জানায়।

বুয়েট রিপোর্টার জানান, বুয়েট পুরকৌশল বিভাগের অধ্যাপক সোহরাব উদ্দিনের প্রাইভেট কারে মিছিলকারীরা অগ্নিসংযোগের চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়। অধ্যাপক দ্রুত কার নিয়ে সরে পড়েন। এ সময় পুলিশ নীরবে দাঁড়িয়েছিল। সকাল সাড়ে ১১টায় সর্বদলীয় ছাত্র ঐক্য মিছিল বের করে সন্ত্রাস ও বুয়েট বন্ধের চক্রান্তের বিরুদ্ধে শ্লোগান দেয়।